# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪৫২

১৭/ দন্ডবিধি (كتاب الحدود عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ কি পরিমাণ চুরিতে চুরের হাত কাটা যাবে

## باب مَا جَاءَ فِي كَمْ تُقْطَعُ يَدُ السَّارِقِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ قَطَعَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فِي مِجَنٍّ قِيمَتُهُ ثَلاَثَةُ دَرَاهِمَ . قَالَ وَفِي الْبَابِ عَنْ سَعْدٍ وَعَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو وَابْنِ عَبَّاسٍ وَأَبِي هُرَيْرَةَ وَأَيْمَنَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عُمَرَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم مِنْهُمْ أَبُو بَكْرٍ الصِّدِّيقُ قَطَعَ فِي خَمْسَةِ دَرَاهِمَ . وَرُوِيَ عَنْ عُثْمَانَ وَعَلِيٍّ أَنَّهُمَا قَطَعَا فِي رُبْعِ دِينَارٍ . وَرُوِيَ عَنْ أَبِي هُرَيْرَةَ وَأَبِي سَعِيدٍ أَنَّهُمَا قَالاَ تُقْطَعُ الْيَدُ فِي خَمْسَةِ دَرَاهِمَ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ فُقَهَاءِ التَّابِعِينَ وَهُوَ قَوْلُ مَالِكِ بْنِ أَنَسٍ وَالشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ رَأَوُا الْقَطْعَ فِي رُبْعِ دِينَارٍ فَصَاعِدًا . وَقَدْ رُوِيَ عَنِ ابْنِ مَسْعُودٍ أَنَّهُ قَالَ لاَ قَطْعَ إِلاَّ فِي دِينَارٍ أَوْ عَشَرَةِ دَرَاهِمَ . وَهُوَ حَدِيثٌ مُرْسَلٌ رَوَاهُ الْقَاسِمُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ عَنِ ابْنِ مَسْعُودٍ وَالْقَاسِمُ لَمْ يَسْمَعْ مِنِ ابْنِ مَسْعُودٍ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ وَهُوَ قَوْلُ سُفْيَانَ الثَّوْرِيِّ وَأَهْلِ الْكُوفَةِ قَالُوا لاَ قَطْعَ فِي أَقَلَّ مِنْ عَشَرَةِ دَرَاهِمَ . وَرُوِيَ عَنْ عَلِيٍّ أَنَّهُ قَالَ لاَ قَطْعَ فِي أَقَلَّ مِنْ عَشَرَةِ دَرَاهِمَ . وَلَيْسَ إِسْنَادُهُ بِمُتَّصِلٍ .

বাংলা

১৪৫২। কুতায়বা (রহঃ) ... ইবনু উমার (রাঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেন, একটি ঢাল চুরিতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাত কাটার নির্দেশ দেন যার মূল্য ছিল তিন দিরহাম।

সহীহ, ইবনু মাজাহ ২৫৮৪, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১৪৪৬ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে সা’দ আবদুল্লাহ ইবনু আমর, ইবনু আব্বাস, আবূ হুরায়রা ও উম্মী আয়মান রাদিয়াল্লাহু আনহুম

থেকেও হাদীস বর্ণিত আছে। ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবীদের মধ্যে কতক আলিমের আমল এতদনুসারে রয়েছে। এদের মধ্যে রয়েছেন আবূ বকর সিদ্দীক রাদিয়াল্লাহু আনহুও। তিনি পাঁচ দিরহাম চুরির ক্ষেত্রেও হাত কেটেছেন। উসমান ও আলী (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তাঁরা দ্বীনারের এক চতুর্থাংশ পরিমাণ চুরিতেও হাত কেটেছেন। আবূ হুরায়রা ও আবূ সাঈদ রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত যে, তারা বলেন, পাঁচ দিরহাম চুরিতে হাত কাটা হবে।

কতক তাবিঈ ফকীহর আমল এতদনুসারে রয়েছে। এ হল মালিক ইবন আনাস, শাফিঈ, আহমাদ ও ইসহাক (রহঃ) এর অভিমত। তাঁরা এক দ্বীনারের চতুর্থাংশ বা ততোধিক পরিমাণ চুরিতে হাত কাটার মত পোষণ করেন।

ইবনু মাসঊদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেন, এক দ্বীনার বা দশ দিরহাম পরিমাণ ছাড়া হাত কাটা যাবে না। এই হাদীসটি মুরসাল। কাসিম ইবনু আবরদুর রহমান (রহঃ) এটিকে ইবনু মাসঊদ রাদিয়াল্লাহু আনহু থেকে রিওয়ায়াত করেছেন। অথচ কাসিম সরাসরি ইবনু মাসঊদ রাদিয়াল্লাহু আনহু থেকে কিছুই শুনেন নি। কতক আলিমের আমল এতদনুসারে রয়েছে। এ হল ইমাম সুফইয়ান সাওরী ও কূফাবাসী আলিমগণের অভিমত তাঁরা বলেন, দশ দিরহাম-এর কম চুরিতে হাত কাটা যাবে না।

## English

Narrated Ibn 'Umar:
"The Messenger of Allah (ﷺ) cut the hand for a shield worth three Dirham."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21961

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন